

(২) কাউন্সিল উপ-ধারা (১) এর অধীন প্রাণ্ত আবেদনপত্র বিবেচনা করিয়া, সরকারের পূর্বানুমোদনক্রমে, নির্ধারিত পদ্ধতি ও মানদণ্ডে প্রার্থিত প্রতিষ্ঠান পরিচালনার স্বীকৃতি প্রদান করিতে পারিবে।

(৩) কাউন্সিল উপ-ধারা (২) এর অধীন স্বীকৃতিপ্রাণ্ত প্রতিষ্ঠানের নাম, বিস্তারিত বিবরণ ও এতদ্সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য একটি নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিবে এবং উহার তালিকা প্রকাশ ও সংরক্ষণ করিবে।

৩১। বেসরকারি ভেটেরিনারি ক্লিনিক, ডায়াগনোস্টিক সেন্টার, ইত্যাদির স্বীকৃতি প্রত্যাহার।—(১) কাউন্সিলের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোনো বেসরকারি ভেটেরিনারি ক্লিনিক, সেবা কেন্দ্র, খাদ্য ও ঔষধ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, প্রাণি জবাইখানা, প্রজনন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, প্রাণি পুনর্বাসন কেন্দ্র বা ডায়াগনোস্টিক সেন্টার কর্তৃক—

(ক) প্রদত্ত সেবার মান কাউন্সিল কর্তৃক নির্ধারিত মানদণ্ডের নিম্নে; অথবা

(খ) সরকার ও কাউন্সিল কর্তৃক প্রদত্ত কোনো আদেশ, নির্দেশ বা নীতিমালা যথাযথভাবে প্রতিপালিত হইতেছে না,

তাহা হইলে কাউন্সিল, তদকর্তৃক নির্দিষ্টকৃত সময়ের মধ্যে, ব্যাখ্যা প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট নোটিশ প্রেরণ করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রেরিত নোটিশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হইতে ব্যাখ্যা প্রাণ্ত হইবার পর বা নির্দিষ্টকৃত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ব্যাখ্যা প্রদান করিতে ব্যর্থ হইলে, কাউন্সিল, প্রয়োজনীয় তদন্ত সাপেক্ষে, নির্ধারিত পদ্ধতিতে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃত প্রত্যাহার করিতে পারিবে।

৩২। কাউন্সিল কর্তৃক নিবন্ধন না মঙ্গুর বা নিবন্ধন বহি হইতে নাম প্রত্যাহারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল।—(১) ধারা ১৫, ১৬, ১৯, ২৯ এর অধীন প্রদত্ত কোনো আদেশ, নির্দেশ বা সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট নির্ধারিত পদ্ধতিতে আপিল দায়ের করিতে পারিবে।

(২) সরকার উপ-ধারা (১) এর অধীন দাখিলকৃত আপিল আবেদন নিষ্পত্তির জন্য একটি কমিটি গঠন করিতে পারিবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন দাখিলকৃত আবেদন উহা প্রাপ্তির ৯০ (নব্রই) দিনের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে।

৩৩। পাঠ্যসূচি এবং পরীক্ষা, ইত্যাদি সম্পর্কে তথ্য তলব।—(১) কাউন্সিল কোনো ভেটেরিনারি প্রতিষ্ঠানের নিকট হইতে কোনো বিষয়ের পাঠ্যসূচি, পরীক্ষা গ্রহণ পদ্ধতি, প্রশিক্ষণ ও এতদ্সংক্রান্ত প্রয়োজনীয় অন্যান্য তথ্য তলব করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কাউন্সিলকে তলবকৃত তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবে।